ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# নিউজ সারাদিন




বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

DL- No.-03 /Date:29/02/2025 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১৩৯ ● কলকাতা ● ০৯ জ্যৈষ্ঠ, ১৪৩২ ● শনিবার ● ২৪ মে ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## সোনিয়া-রাহুলের সংস্থায় কংগ্রেস নেতাদের অনুদান দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছিল, দাবি ইডির

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**


**নয়াদিল্লি:** লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধি এবং সোনিয়া গান্ধির সঙ্গে সম্পর্কিত ইয়ং ইন্ডিয়ান লিমিটেডকে মোটা অঙ্কের অনুদান দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছিল বলে দাবি করেছে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট। কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার দাবি, ওই নির্দেশ মেনে বিভিন্ন রাজ্যের একাধিক কংগ্রেস নেতা সংস্থাটিতে লক্ষ লক্ষ টাকা অনুদান দিয়েছেন।ইডির এক আধিকারিক জানিয়েছেন, সামনের সপ্তাহগুলোতে ইয়ং



ইন্ডিয়ান লিমিটেডকে অনুদান দেওয়া ব্যক্তিদের জিজ্ঞাসাবাদের জন্য তলব করা হবে। তাদের জেরা করে যে তথ্য পাওয়া যাবে তা অতিরিক্ত চার্জশিটে সংযুক্ত করা হবে। উল্লেখ্য ন্যাশনাল হেরাল্ড মামলায় দায়ের করা চার্জশিটে সোনিয়া গান্ধিকে এক নম্বর ও রাহুল গান্ধিকে দুই নম্বর অভিযুক্ত হিসাবে দেখানো হয়েছে।শুধুমাত্র তেলঙ্গানার মুখ্যমন্ত্রী রেবন্থ রেড্ডির নির্দেশে ওই রাজ্যের কংগ্রেস নেতারা ৮০ লক্ষ টাকা অনুদান দিয়েছিলেন। ন্যাশনাল হেরাল্ড মামলায় আর্থিক কেলেঙ্কারি ধামাচাপা দিতেই সুপরিকল্পিতভাবে এমন ঘটনা ঘটানো হয়েছিল। যদিও ইডির অভিযোগ খারিজ করে কংগ্রেস মুখপাত্র পবন খেড়া পাল্টা বলেছেন, 'গঞ্জিকা সেবন করে নিত্যনতুন গল্প সাজাচ্ছেন ইডির তদন্তকারীরা।'

ইয়ং ইন্ডিয়ান লিমিটেড ন্যাশনাল হেরাল্ড সংবাদপত্রের প্রকাশক

এরপর ৩ পাতায়






# মঙ্গলবার বঙ্গোপসাগরে নিম্নচাপ তৈরি হবে, কলকাতা সহ সব জেলাতে ঝড় - বৃষ্টির পূর্বাভাস



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

মঙ্গলবার বঙ্গোপসাগরে নিম্নচাপ তৈরি হবে, কলকাতা সহ সব জেলাতে ঝড় - বৃষ্টির পূর্বাভাস


আরবসাগরে নিম্নচাপ আরো শক্তি বাড়িয়ে সুস্পষ্ট নিম্নচাপে পরিণত হয়েছে। কঙ্কন উপকূল এলাকায় এটি অবস্থান করছে। শুক্রবার আলিপুর আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলের অধিকর্তা সোমনাথ দত্ত এই খবর জানান। তিনি বলেন, উত্তরমুখী হয়ে এটি আরো শক্তিশালী হবে।বৃহস্পতিবার থেকে বৃষ্টি বাড়বে দক্ষিণবঙ্গে। কলকাতা সহ সব জেলাতেই বৃহস্পতি ও শুক্রবার ভারী বৃষ্টির পূর্বাভাস।উত্তরবঙ্গে ঝড় বৃষ্টির সতর্কতা সোমবার পর্যন্ত। বজ্রবিদ্যুৎ সহ হালকা মাঝারি বৃষ্টি। ৩০ থেকে ৫০ কিলোমিটার গতিবেগে দমকা ঝোড়ো বাতাস বইবে। শনিবার ঝড় বৃষ্টির সম্ভাবনা কিছু জেলায় কম থাকলেও রবি ও সোমবার উত্তরবঙ্গের আট জেলাতেই ঝড় বৃষ্টির সতর্কতা জারি।উত্তরবঙ্গে ও বৃষ্টি বাড়বে বুধবার থেকে। ফের ভারী বৃষ্টির সম্ভাবনা বুধবার থেকে শুক্রবার উত্তরবঙ্গে।বঙ্গোপসাগরে নিম্নচাপ তৈরি হবে ২৭ শে মে মঙ্গলবার। মধ্য বঙ্গোপসাগর ও উত্তর বঙ্গোপসাগরের সংযোগস্থলে এই নিম্নচাপ তৈরি হওয়ার প্রবল সম্ভাবনা।মৌসুমী রেখা অর্থাৎ বর্ষা আগামী ৪৮ ঘন্টায় ভারতের মূল ভূখণ্ড কেরলে ঢুকে যাবে বলে অনুমান। দক্ষিণ আরব সাগর এবং মালদ্বীপ ও কমিউনি এলাকার বেশিরভাগ অংশের ঢুকে পড়েছে। দক্ষিণ বঙ্গোপসাগর পার হয়ে এটি ক্রমশ উত্তর বঙ্গোপসাগরে ঢুকে পড়েছে। মধ্য বঙ্গোপসাগরের বেশিরভাগ অংশ এবং উত্তর-পূর্ব বঙ্গোপসাগরের কিছু অংশে ঢুকে পড়েছে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু।

দক্ষিণবঙ্গে আগামী তিনদিন ঝড় বৃষ্টির সম্ভাবনা। রবিবার পর্যন্ত বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সঙ্গে ৩০ থেকে ৫০ কিলোমিটার গতিবেগে দমকা ঝোড়ো বাতাস বইবে। বজ্রবিদ্যুৎসহ হালকা মাঝারি বৃষ্টি চলবে। বজ্রবিদ্যুৎসহ বৃষ্টি কলকাতা সহ সব জেলাতে। রবিবার ঝড় বৃষ্টির পরিমাণ একটু বেশি হবে বলেই অনুমান। সোম ও মঙ্গলবার বিক্ষিপ্তভাবে কয়েক জেলায় ঝড় - বৃষ্টির পূর্বাভাস। বুধবার থেকে ভারী বৃষ্টি হতে পারে দক্ষিণবঙ্গে। আগামী বুধবার, বৃহস্পতি ও শুক্রবার ভারী বৃষ্টি হতে পারে বিভিন্ন জেলাতে। বুধবার বেশি বৃষ্টির সম্ভাবনা উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব পশ্চিম মেদিনীপুর এবং ঝাড়গ্রাম জেলায়।

# বোসের বিদায়ে বেলার আগমন! বাংলায় শীঘ্রই রাজ্যপাল বদল

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বাংলার রাজভবনে কি বদল আসন্ন? সূত্রের খবর, খুব শিগগিরই রাজ্যপাল পদ থেকে সরে যেতে চলেছেন ড. সি ভি আনন্দ বোস। তাঁর জায়গায় আসতে পারেন সুপ্রিম কোর্টের সদ্য প্রাক্তন বিচারপতি বেলা মাধুর্য ত্রিবেদী। জুনে তাঁর অবসরগ্রহণের কথা থাকলেও তিনি ইতিমধ্যে অবসর নিয়ে নিয়েছেন। অবসরগ্রহণের পর তাঁর একটি বিদেশ সফরের কথাও রয়েছে।বিচারপতির চেয়ারে বসে একাধিকবার বিতর্কে জড়িয়েছিলেন বেলা। সুপ্রিম কোর্টে বিলকিস বানোর ধর্ষকদের মুক্তির মামলার থেকে নিজেকে সরিয়ে নিয়েছিলেন। একাধিক



মামলার সময় তাঁকে নিয়ে নানা চর্চা চলেছিল। দিল্লি ও গুজরাটের আইনজীবীদের একাংশের অভিযোগ, তিনি বিজেপি ঘনিষ্ঠ। এর জেরে তাঁর বিদায় সংবর্ধনার অনুষ্ঠানটি নিয়েও মতপার্থক্য হয়ে যায়। বিচারপতি থাকাকালীন একাধিক আইনজীবীর সঙ্গেও বিতর্কে জড়িয়েছিলেন বেলা।ফিরে বাংলার রাজ্যপাল হিসাবে দায়িত্ব নেবেন গুজরাতের এই আইন বিশেষজ্ঞ। এর আগে তিনি গুজরাটের আইন দপ্তরের সচিবও ছিলেন, নরেন্দ্র মোদি যখন সেখানকার মুখ্যমন্ত্রী। এরপর গুজরাট হাই কোর্টের বিচারপতি হন। তারপর সুপ্রিম কোর্টের। আনন্দ বোস অসুস্থতার কারণেই সরে যাচ্ছেন, নাকি অন্য কোনও কারণ আছে, তা নির্দিষ্টভাবে জানা যায়নি। সূত্রের খবর, কেন্দ্রীয় সরকারের শীর্ষমহল মোটামুটি রাজ্যপাল বদলের সিদ্ধান্ত চূড়ান্ত করে ফেলেছেন। মহিলা আইনজ্ঞ রাজ্যপালকে রাজভবনে বসিয়ে আগামী বিধানসভা নির্বাচনে যেতে চাইছে কেন্দ্র। শেষমুহূর্তে কোনও সিদ্ধান্ত বদল না হলে বোসের বিদায় এবং বেলার আগমন কার্যত নিশ্চিত।







(১ম পাতার পর)

# সোনিয়া-রাহুলের সংস্থায় কংগ্রেস নেতাদের অনুদান দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছিল, দাবি ইডির

অ্যাসোসিয়েটেড জার্নালস লিমিটেডের কাছ থেকে মাত্র ৫০ লক্ষ টাকার বিনিময়ে ২০০০ কোটি টাকার সম্পদ হাতিয়ে নিয়েছে বলে প্রথমে অভিযোগ তুলেছিলেন বিজেপি নেতা তথা গান্ধি পরিবারের কট্টর সমালোচক সুব্রহ্মণ্যম স্বামী। তাঁর অভিউযোগের প্রেক্ষিতেই অর্থ পাচার মামলা রুজু করে তদন্ত শুরু করেছে কেন্দ্রীয় আর্থিক তদন্তকারী সংস্থা ইডি। আদালতে দাখিল করা চার্জশিট বা অভিযোগপত্রে ইডি দাবি করেছে, 'ইয়ং ইন্ডিয়ান লিমিটেডে যে লক্ষ-লক্ষ টাকা অনুদান বাবদ জমা হয়েছে তার সরাসরি সুবিধাভোগী ছিলেন সোনিয়া ও রাহুল গান্ধি। জমা পড়া অনুদানের বড় অংশ তেলঙ্গানা থেকে এসেছে। তৎকালীন বিধায়ক এবং বর্তমান মুখ্যমন্ত্রী রেবন্ত রেড্ডির নির্দেশে রাজ্যের চার জন কংগ্রেস নেতা ২০২২ সালে ইয়ং ইন্ডিয়ানকে ৮০ লক্ষ টাকারও বেশি অনুদান দিয়েছিলেন। তাদের মধ্যে ২০১৯ সালের লোকসভা নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী গালি অনিল কুমার ২০২২ সালের জুন মাসে ২০ লক্ষ টাকা অনুদান দিয়েছিলেন। প্রাক্তন বিধায়ক আলী শাব্বিরও ২০ লক্ষ টাকা অনুদান দিয়েছিলেন। এছাড়া তৎকালীন তেলেঙ্গানা কংগ্রেসের কোষাধ্যক্ষ পি সুদর্শন ১৫ লক্ষ টাকা এবং তেলঙ্গানা কংগ্রেসের তৎকালীন কার্যকরী সভাপতি ২৫ লক্ষ টাকা দিয়েছিলেন। সমস্ত অনুদান এক মাসের মধ্যে দেওয়া হয়েছিল।ইডির তরফে দাবি করা হয়েছে, শুধু তেলঙ্গানায় নয় একই ঘটনা ঘটেছে কর্নাটক ও পঞ্জাবেও। প্রাক্তন কেন্দ্রীয় রেলমন্ত্রী তথা প্রবীণ কংগ্রেস নেতা পবন বনশল ২০২২ সালের এপ্রিল মাসে কর্নাটক প্রদেশ কংগ্রেস সভাপতি ডি কে শিবকুমার এবং তার ভাই সাংসদ ডি কে সুরেশকে ২৫ লক্ষ টাকা করে অনুদান দেওয়ার নির্দেশ দিয়েছিলেন। একই মাসে শিবকুমারের সঙ্গে যুক্ত ন্যাশনাল এডুকেশন ট্রাস্টও ইয়ং ইন্ডিয়ানকে ২ কোটি টাকা চাঁদা দিয়েছিল। পঞ্জাবে গত বিধানসভা ভোটে কংগ্রেসের টিকিটে লড়া অমিত ভিজ ২০১৫ সালে তিনটি পৃথক কিস্তিতে ৩.৩০ কোটি টাকা অনুদান দিয়েছিলেন।

# এবার মদন মিত্রের বিরুদ্ধে রুল জারি কলকাতা হাইকোর্টের



**বেবি চক্রবর্ত্তী : কলকাতা**

কলকাতা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের (CSTC)- টাকা পয়সা নিয়ে একাধিক অভিযোগ সামনে এসেছে। অভিযোগ তাদের আবারপ্রাপ্ত কর্মচারীরা পিএফের টাকা পাচ্ছেন না। এই নিয়ে প্রচুর অভিযোগ জমা পড়েছে। প্রসঙ্গত অবসরপ্রাপ্ত কর্মচারীদের প্রভিডেন্ট ফান্ডের কয়েক হাজার কোটি টাকা মেটানো হয়নি। এই নিয়ে মামলায় তৃণমূল বিধায়ক তথা সিএসটিসি-র এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ড ট্রাস্টের চেয়ারম্যান মদন মিত্র-সহ

এরপর ৪ পাতায়

# ইসলামাবাদের 'বন্ধু' তুরস্ককে কড়া বার্তা ভারতের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

পাকিস্তানের 'বন্ধু' তুরস্ককে কড়া বার্তা দিল ভারত। বৃহস্পতিবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে বিদেশমন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল বলেন, যেকোনও দ্বিপাক্ষিক সম্পর্ক তৈরি হয় পরস্পরের সমস্যাগুলি উপলব্ধি করার মাধ্যমে। তাই ভারত আশা করে, সীমান্ত সন্ত্রাস বন্ধ করতে ইসলামাবাদকে বোঝাবে আঙ্কারা।ভারতের সঙ্গে তুরস্কের সম্পর্ক নিয়ে রণধীর বলেন, “প্রত্যেকের স্পর্শকাতর বিষয় এবং উদ্বেগের বিষয়গুলি উপলব্ধি করার মাধ্যমেই দুই দেশের মধ্যে সম্পর্ক তৈরি হয়।” বিশ্লেষকদের মতে, এইভাবে আঙ্কারাকে বিদেশমন্ত্রকের তরফে বার্তা দেওয়া হল। পাকিস্তানের মদতে দীর্ঘদিন ধরে চলতে থাকা সীমান্ত সন্ত্রাসের ফলে ভারতের সমস্যা রয়েছে। কিন্তু সেই পাকিস্তানের ‘বন্ধু’ তুরস্ককেও এবার ভারত বুঝিয়ে দিল, পরিস্থিতি সেরকম হলে হয়তো আঙ্কারার সঙ্গে নয়াদিল্লির সম্পর্কও তলানিতে যেতে পারে। তবে ভারত আশাবাদী, সন্ত্রাসের বিরুদ্ধে পদক্ষেপ করার জন্য ইসলামাবাদকে বোঝাবে নয়াদিল্লি।ভারত ও পাকিস্তানের মধ্যে চলা সামরিক সংঘাতে 'গদ্দারি' করেছে তুরস্ক। ভারতে হামলা চালাতে শুধু ড্রোন দিয়ে সাহায্য নয়, পাকিস্তানে সেনাও পাঠিয়েছিল তারা। চাঞ্চল্যকর এই তথ্য প্রকাশ্যে আসতেই দু'মুখো সাপ তুরস্কের বিরুদ্ধে কড়া পদক্ষেপের দাবি উঠছে সর্বস্তরে। প্রশ্ন ওঠে বিমানবন্দর ব্যবস্থাপনার সংস্থা সেলেবি অ্যাভিয়েশনকে নিয়ে। সেদেশে বেড়াতে যাওয়ার পরিকল্পনা বাতিল করতে থাকেন ভারতীয় পর্যটকরা। নেটদুনিয়ায় ট্রেন্ডিং হয় বয়কট তুরস্ক।
তবে পাকপ্রীতি নিয়ে এতদিন তুরস্ককে সরাসরি কোনও বার্তা দেয়নি ভারত। বৃহস্পতিবার পহেলগাঁওয়ে জঙ্গি হামলার একমাস পূর্তি হয়েছে। এদিন সাপ্তাহিক সাংবাদিক বৈঠকে এসে বিদেশমন্ত্রকের মুখপাত্রের কথায় উঠে এল তুরস্কের সঙ্গে পাকিস্তানের ঘনিষ্ঠতার কথা। জয়সওয়াল বলেন, “আমরা আশা করি তুরস্ক অত্যন্ত দৃঢ়ভাবে পাকিস্তানকে বোঝাবে যেন ইসলামাবাদ সীমান্ত সন্ত্রাসে মদত দেওয়া বন্ধ করে। বছরের পর বছর ধরে তারা যেভাবে সন্ত্রাসকে লালন করেছে তা শেষ করার জন্য উপযুক্ত পদক্ষেপ করবে, ইসলামাবাদকে সেটা বোঝাক তুরস্ক।”

## সম্পাদকীয়

### কোরবানি বন্ধের নির্দেশ দেওয়ায় কলকাতায় বাংলাদেশের নয়া উপরাষ্ট্রদূতের নিয়োগ বাতিল

দূতাবাস চত্বরে পশু কোরবানিতে আপত্তি তোলায় কলকাতাস্থ বাংলাদেশ দূতাবাসের হবু উপরাষ্ট্রদূত শাবাব আহমেদ বিনের নিয়োগ বাতিল করল মোল্লা মুহাম্মদ ইউনূসের সরকার। তাঁকে অবিলম্বে নেদারল্যান্ডস থেকে ঢাকায় ফেরার নির্দেশ দেওয়া হয়েছে। সূত্রের খবর, শাবাব বিন আহমেদের কলকাতায় উপরাষ্ট্রদূত হিসাবে নিয়োগের পিছনে কলকাতায় বাংলাদেশ দূতাবাসের এক আধিকারিক। সূত্রের খবর, আগামী মাসের শুরুতেই কলকাতায় বাংলাদেশ উপদূতাবাসে উপরাষ্ট্রদূত হিসাবে দায়িত্ব নেওয়ার কথা ছিল শাবাব আমেদের। কিন্তু কোরবানি বন্ধের নির্দেশ দেওয়ায় মিশনের মৌলবাদী আধিকারিকদের রোষনলে পড়েন। চাপের মুখে শেষ পর্যন্ত নবনিযুক্ত রাষ্ট্রদূতের নিয়োগ বাতিল করা হয়। আজ বৃহস্পতিবার (২২ মে) বিদেশ মন্ত্রকের প্রশাসন অনুবিভাগ থেকে পরিচালক (সংস্থাপন) নওরিন শারমিন চিঠি পাঠিয়ে শাবাব আহমেদকে অবিলম্বে নেদারল্যান্ডসের রাজধানী হেগ থেকে ঢাকায় ফেরার নির্দেশ দিয়েছেন। চিঠিতে তিনি লিখেছেন 'আপনাকে সদর দফতর ঢাকায় বদলির সিদ্ধান্ত গৃহীত হয়েছে। অতএব হেগে বাংলাদেশ দূতাবাসের বর্তমান দায়িত্বভার ত্যাগ করে অনতিবিলম্বে ঢাকায় প্রত্যাবর্তনের জন্য অনুরোধ করা যাচ্ছে। আপনি ও আপনার পরিবারের সদস্যগণ ভ্রমণ ব্যয় ও অন্যান্য ভাতা বিধি অনুযায়ী প্রাপ্য হবেন। গত ২১ নভেম্বর ২০২৪ তারিখে আপনার অনুকূলে জারিকৃত বদলি আদেশ নং- ১৯.০০,০০০০,১১১,৪০,৩১৪,২০/১০১৪ বাতিল করা হল।'

যিনি জঙ্গি সংগঠন হিযবুত তাহরীর পৃষ্ঠপোষক এবং তদারকি সরকারের প্রধান উপদেষ্টা মোল্লা ইউনূসের ঘনিষ্ঠ হিসাবে পরিচিত। শাবাব বিন আহমেদের নিয়োগ বাতিলের খবরে ক্ষোভে ফুঁসছেন বাংলাদেশ বিদেশ মন্ত্রকের জুনিয়র আধিকারিকরা।

গত বছরের ২১ নভেম্বর কলকাতায় বাংলাদেশ উপদূতাবাসের প্রধান অর্থাৎ উপরাষ্ট্রদূত হিসাবে নিয়োগ নেওয়া হয়েছিল নেদারল্যান্ডসে নিযুক্ত বাংলাদেশের মিনিস্টার (স্থানীয়) শাবাব বিন আহমেদকে। কিন্তু তিনি সন্তানদের পড়াশোনার জন্য ওই পদে যোগ দিতে খানিকটা সময় চান। এর মধ্যেই অভিযোগ ওঠে কলকাতায় উপরাষ্ট্রদূত হিসাবে যোগ দেওয়ার আগেই আসন্ন ঈদুল আজহায় দূতাবাস চত্বরে পশু কোরবানি দেওয়া বন্ধ করার নির্দেশ দেন। আর তাঁর ওই নির্দেশে চটে যান দূতাবাসে কর্মরত কট্টর মৌলবাদী আধিকারিকরা।

তদারকি সরকারের জমানায় কলকাতা উপদূতাবাসে যোগ দেওয়া এক আধিকারিক (যার সঙ্গে বাংলাদেশের জঙ্গি সংগটন হিযবুত তাহরীর সম্পর্ক রয়েছে) তিনিই বাকি আধিকারিক ও কর্মীদের নিয়ে হবু উপরাষ্ট্রদূতের বিরুদ্ধে ঘোঁট পাকান। বাংলাদেশের জামায়াত ইসলামীর আমীর তথা পাক গণহত্যাকারীদের দোসর শফিকুর রহমান পাক গুপ্তচর সংস্থার এজেন্ট তথা ইউনূস সরকারের তিন উপদেষ্টা মাহফুজ আলম আসিফ মাহমুদ ও সিআর আবরার বিষয়টি জানিয়ে বিদেশ উপদেষ্টা তৌহিদ হোসেনের উপরে চাপ সৃষ্টি করতে বলেন। হিযবুত তাহরীর ঘনিষ্ঠ ওই আধিকারিক তিন উপদেষ্টাকে বোঝান, গত ৪০ বছরেরও বেশি সময় ধরে কলকাতায় বাংলাদেশ উপদূতাবাস চত্বরে পশু কোরবানি হচ্ছে। কোরবানির সঙ্গে কর্মী ও আধিকারিকদের ভাবাবেগ জড়িত।

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



**মৃত্যুঞ্জয় সরদার**
**(ছত্রিশতম পর্ব)**



আলো তাদের অন্তরে প্রবেশ করতে পারে না। পেঁচা যেমন কালো অন্ধকারে পথ চলে, ধনলোভীরাও তেমনি কালো পথে অর্থাৎ অসৎ পথে ধাবিত হয়। ধনের দেবী তাঁর সঙ্গে পেঁচা রেখে সকলকে জানিয়ে দেন, যিনি ভক্তিধন অন্বেষণ করবে, তিনি আমাকে পাবে আর যিনি পার্থিব-ধন অন্বেষণ করবে তিনি আমাকে নয় আমার পেচাঁকে লাভ করবে। প্রাচীন কাল হতে মা লক্ষী দেবীর প্রচলিত কিছু আচার অনুষ্ঠানের ধরণ ও পন্থা প্রতিদিন স্নান করে শুদ্ধ হয়ে লক্ষ্মী গায়ত্রী মন্ত্র ১০৮ বার জপ করলে অত্যন্ত সন্তুষ্ট হন মা লক্ষ্মী। এই মন্ত্র জপ করার

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(৩ পাতার পর)

## এবার মদন মিত্রের বিরুদ্ধে রুল জারি কলকাতা হাইকোর্টের

কয়েকজনের বিরুদ্ধে রুল জারি করল কলকাতা হাইকোর্ট। বিচারপতি অরিন্দম মুখোপাধ্যায়ের সিঙ্গল বেঞ্চ এই রুল জারি করেছে। মদন-সহ রাজ্যের অর্থসচিব, সিএসটিসি-র চিফ ম্যানেজিং ডিরেক্টেরকে আগামী ৪ জুলাই হাইকোর্টে সশরীরে হাজির হওয়ার নির্দেশ দিয়েছেন বিচারপতি।

সিএসটিসি-র কর্মচারীদের জন্য এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ড ট্রাস্ট রয়েছে। যেখানে প্রত্যেক মাসে কর্মচারীদের বেতনের একটা অংশ কেটে রাখা হয়। যাতে অবসরের পর এর সুবিধা পান কর্মচারীরা। কিন্তু, সিএসটিসি-র অবসরপ্রাপ্ত কর্মচারীরা অভিযোগ তোলেন, অবসরের পর প্রভিডেন্ট ফান্ডের টাকা পাচ্ছেন না। গত বছর এই নিয়ে কলকাতা হাইকোর্টে মামলা হয়। গত বছরের জুলাইয়ে হাইকোর্ট প্রভিডেন্ট ফান্ডের টাকা মিটিয়ে দেওয়ার নির্দেশ দেন। আদালতের নির্দেশ সত্ত্বেও প্রভিডেন্ট ফান্ডের টাকা না পাওয়ায় গত বছরের ডিসেম্বরে আদালত অবমাননার মামলা হয়। এরপর একাধিকবার মামলার শুনানি হয়েছে। গতকাল মামলার শুনানিতে বিচারপতি অরিন্দম মুখোপাধ্যায় জানতে চান, কেন এখনও অবসরপ্রাপ্ত কর্মচারীদের প্রভিডেন্ট ফান্ডের টাকা মেটানো হয়নি। এরপরই মদন মিত্র-সহ তিনজনের বিরুদ্ধে রুল জারি করেন।

## সতীপীঠের অন্যতম কামাখ্যা



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

প্রতিবছর গ্রীষ্মকালে অম্বুবাচী মেলার সময় কামাখ্যা দেবীর ঋতুমতী হওয়ার ঘটনাকে উদযাপন করা হয়। সে সময় মূল গর্ভগৃহের প্রস্রবনের জল আয়রন অক্সাইডের প্রভাবে লাল হয়ে থাকে।

**ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# পাওনাদারদের চাপে আত্মহত্যা? হরিণঘাটায় তৃণমূল কাউন্সিলরের মৃত্যুতে রহস্য

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**কল্যাণী:** বাজারে ঋণ! গাড়ির ব্যবসায়ে একাধিক ব্যক্তির সঙ্গে বচসা। সাংসারিক জীবনে অশান্তি! নদিয়ার হরিণঘাটার তৃণমূল নেতা রাকেশ পাড়ুইয়ের মৃত্যুতে প্রাথমিকভাবে এই তথ্যগুলিই উঠে আসছে। মৃত কাউন্সিলরের মায়ের অভিযোগ, পাঁচ-ছটা ছেলে এসে হুমকি দিত। এবং রাকেশকে কোনও চক্রের সঙ্গে জড়িয়ে দেওয়া হয়েছিল বলে সন্দেহ প্রকাশ করেছেন তিনি।বাজারে ঋণ, স্ত্রীর সঙ্গে মনোমালিন্য, পাওনাদারদের লাগাতার চাপ সবকিছুর জেরে আত্মঘাতী হয়েছেন তৃণমূল ছাত্রনেতা! নাকি অন্য কোনও কারণ রয়েছে। পুলিশ এখনও কিছু বলেনি। শুক্রবার সকালে তাঁর দেহ ময়নাতদন্তের জন্য কল্যাণী জেএনএম হাসপাতালে পাঠানো হয়েছে। ময়নাতদন্তের প্রাথমিক রিপোর্ট আসার পরই মৃত্যু কারণ স্পষ্ট হবে বলে



জানিয়েছেন তদন্তকারীরা। বৃহস্পতিবার সন্ধ্যায় হরিণঘাটায় দলীয় কার্যালয় থেকে হরিণঘাটা পৌরসভার ২ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর তথা জেলা তৃণমূল ছাত্রনেতা রাকেশ পাড়ুইয়ের ঝুলন্ত দেহ উদ্ধার হয়। মৃত তৃণমূল নেতার মা শিবানী পাড়ুই দাবি করেছেন, বৃহস্পতিবার সন্ধ্যায় ছেলেকে ফোন করলে রাকেশ বলেন একটি সমস্যার মধ্যে রয়েছেন। পরে ফোন করবে। তিনি পার্টি অফিসে রয়েছেন। তাতেই সন্দেহ হওয়াতে কিছু সময়ের মধ্যেই তার বাবাকে পার্টি অফিসে পাঠানো হয়। সেখানে গিয়ে দরজা খুলে ছেলের ঝুলন্ত দেহ দেখতে পারেন বাবা। তবে কী কারণে তিনি আত্মঘাতী হলেন, তা নিয়ে ধোঁয়াশা রয়েছে। তাঁর সাংসারিক জীবনও ভালো ছিল না। স্ত্রীর সঙ্গে অশান্তি ছিল বলে জানা গিয়েছে।

রাকেশের প্রতিবেশী চাকদহ বিধানসভার বিজেপি বিধায়ক বঙ্কিম ঘোষ বলেন, "ছাত্রনেতা ও কাউন্সিলর ছিলেন রাকেশ। যেকোনও মৃত্যুই দুঃখজনক। তবে আর্থিক সমস্যায় জর্জরিত হয়ে পড়েছিল রাকেশ। বিগত দিনে অনেক টাকা তুলেছিলেন রাকেশ। ঋণে ঝড়িয়ে পড়েছিলেন। পাওনাদাররা চাপ দিচ্ছিল। আমি বেশি কিছু বলতে চাই না। অল্প বয়সে রাজনীতির সুনাম অর্জন করেছিল রাকেশ। তাঁর মৃত্যুর সঠিক তদন্ত হবে বলে আমি আশাবাদী।" পুলিশ ঘটনার তদন্ত করে রহস্য সামনে আনুক সেই দাবি জানিয়েছেন তিনি। হরিণঘাটা পুরসভার পুরপ্রধান দেবাশিস জানান, "দুঃখজনক ঘটনা। আমরা পরিবারের পাশে আছি। এলাকার মানুষ যেকোনও সমস্যায় পড়লে ছুটে যেত। ভালো ছেলে ছিল রাকেশ।"



## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |




# ভারতের উৎপাদন ক্ষেত্রের বিকাশে ভবিষ্যতের জন্য কর্মী প্রস্তুত করতে শিল্প ও শিক্ষাবিদদের কাছে আহ্বান জানিয়েছেন কেন্দ্রীয় মন্ত্রী শ্রী অশ্বিনী বৈষ্ণব

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

কেন্দ্রীয় বৈদ্যুতিন ও তথ্য প্রযুক্তি মন্ত্রী শ্রী অশ্বিনী বৈষ্ণব আজ প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর বিকশিত ভারত ২০৪৭ – এর লক্ষ্য পূরণে প্রতিভা ও দক্ষতা বৃদ্ধির জন্য সমন্বিত প্রয়াসের আহ্বান জানিয়েছেন। শিল্প নেতৃত্ব ও শিক্ষাবিদদের নিয়ে একটি গোলটেবিল বৈঠকে তিনি একথা জানান। ভারতে উৎপাদন ক্ষেত্রের বিকাশে ভবিষ্যতের জন্য কর্মী প্রস্তুত করতে শিল্প ও শিক্ষাবিদদের এগিয়ে আসতে বলেন তিনি।

নিউ এজ মেকার্স ইন্সটিটিউট অফ টেকনোলজি (এনএএমটিইসিএইচ), মেট ইনোভেশন স্কুল উদীয়মান নতুন ক্ষেত্র হিসেবে উৎপাদন, ইঞ্জিনিয়ারিং ও প্রযুক্তি (এমইটি)-র

যে উদ্যোগ নিয়েছে তার প্রশংসা করেন শ্রী বৈষ্ণব।এই উদ্যোগের লক্ষ্য হ'ল – শিল্প ৪.০ এবং তার অধিক চাহিদা পূরণ করা। বিশেষ করে, উদীয়মান প্রযুক্তি ক্ষেত্রে প্রতিভার ঘাটতি পূরণ করা এবং ভারতে রূপান্তরমূলক পরিবর্তন নিয়ে আসা।

ভারত সরকার বিকশিত ভারত @২০৪৭ – এর দৃষ্টিভঙ্গীর উপর বিশেষ জোর দিয়েছে। ডিজিটাল ইন্ডিয়া, স্কিল ইন্ডিয়া, ন্যাশনাল ম্যানুফ্যাকচারিং মিশন ও ক্ষেত্র নির্দিষ্ট প্রোডাকশন – লিঙ্ক ইনসেনটিভ (পিএলআই) প্রকল্পগুলি উৎপাদন এবং উদীয়মান প্রযুক্তি ক্ষেত্রে ভারতকে বিশ্বের মধ্যে নেতৃত্বের স্থানে পৌঁছে দেবে। এর জন্য ইন্ডিয়া সেমিকন্ডাক্টর মিশন, এআই মিশন, ন্যাশনাল রোবোটিক্স স্ট্র্যাটিজি, মোবিলিটি ম্যানুফ্যাকচারিং মিশন এবং ন্যাশনাল হাইড্রোজেন মিশন সহ বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ উদ্যোগ নিয়েছে সরকার। ভারতের শিক্ষা নীতি, ২০২০-তে সামগ্রিক উন্নয়ন ও মূল ধারার বিদ্যালয় শিক্ষায় বৃত্তিমূলক এবং ডিজিটাল শিক্ষার উপরও জোর দেওয়া হয়েছে।

কেন্দ্রীয় মন্ত্রী এমআইটি দলকে স্বাগত জানিয়ে তাদেরকে বিশ্বের সেরা প্রতিষ্ঠানগুলির অন্যতম বলে উল্লেখ করেন। তিনি শিল্প – শিক্ষা ক্ষেত্রে সহযোগিতার একটি অন্যতম মডেল হিসেবে গতিশক্তি প্ল্যাটফর্মের সাফল্যের কথা তুলে ধরেন। অনুষ্ঠানে ভদোদরার গতিশক্তি বিশ্ববিদ্যালয় এবং এনএএমটিইসিএইচ – এর মধ্যে একটি সমঝোতাপত্র স্বাক্ষরিত হয়। পাশাপাশি, এই প্রতিষ্ঠান সিমেন্স ইন্ডিয়া সহ অন্যান্য সংস্থার সঙ্গে সমঝোতাপত্র স্বাক্ষর করেছে। অনুষ্ঠানে উপস্থিত শীর্ষস্থানীয় শিল্প নেতৃত্ব এবং শিক্ষাবিদরা প্রধানমন্ত্রীর বিকশিত ভারত ২০৪৭ – এর লক্ষ্য পূরণের জন্য একসঙ্গে কাজ করার বিষয়ে আশা প্রকাশ করেন।

# নাক গলাতে আসবেন না', সেনাপ্রধানকে সরাসরি হুমকি ইউনূসের সহকারী ফৈয়াজের

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

ঢাকা: কার্যত সন্মুখসমরে মোল্লা মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন তদারকি সরকার এবং সেনাবাহিনী। শুক্রবার (২৩ মে) সকালেই দেশ বিক্রির ষড়যন্ত্রে জড়িত ইউনূসের এক ডজন সহকারীর দেশত্যাগের উপরে নিষেধাজ্ঞা জারি করেছিল সেনার সামরিক গোয়েন্দা শাখা (ডিজিএফআই)। আর তাতেই আঁতে ঘা লেগেছে ইউনূসের ডাক ও টেলিযোগাযোগ সংক্রান্ত বিশেষ সহকারী তথা পাকিস্তানি গুপ্তচর সংস্থা আইএসআইয়ের পেইড এজেন্ট ফৈয়াজ আহমেদ তৈয়্যবের।ইউনূস সরকারকে বাঁচাতে শুক্রবার সকালে আসরে নামে পাকিস্তানপন্থী জাতীয় নাগরিক পার্টি, জামায়াত ইসলামী, হেফাজত ইসলামের মতো কট্টর মৌলবাদী ও জঙ্গি সংগঠনগুলো। হাজার-হাজার কোটি টাকা লুটের সুযোগ হাতছাড়া হওয়ায় প্রমাদ গোনে ফৈয়াজ আহমেদ তৈয়্যবের মতো আইএসআই এজেন্ট ও দুর্নীতির শিরোমণিরা। দেশ ছেড়ে পালানোর সম্ভাবনা ব্যর্থ হতেই সেনাপ্রধানকে নিশানা করে ফেসবুকে এক পোস্ট করেন ইউনূসের টেলি ও ডাক সংক্রান্ত বিশেষ সহকারী ফৈয়াজ আহমেদ তৈয়্যব। সেনাপ্রধানকে হুমকি দিয়ে লেখেন, 'সেনাবাহিনী রাজনীতিতে নাক গলাতে পারবে না। আজকের দুনিয়ায় কোনও সভ্য দেশের সেনাবাহিনী রাজনীতি করে না। তাই ডিসেম্বরের মধ্যে নির্বাচনের বক্তব্যে সেনাপ্রধান জুরিশডিকশনাল কারেক্টনেস রক্ষা করতে পারেননি। ইনক্লুসিভনেসের নাম করে আওয়ামী লীগের পুনর্বাসনও চাওয়া যাবে না।' পরে



সাংবাদিকদের সঙ্গে ঘরোয়া আলাপচারিতায় তিনি বলেন, 'শেখ হাসিনাকে ক্ষমতা থেকে যেভাবে উচ্ছেদ করেছি। প্রয়োজনে সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামানের তেমন পরিণতি করব।'

নিমিষেই ফৈয়াজের ফেসবুক পোস্টের স্ক্রিনশট ভাইরাল হয়ে যায়। যদিও বিকেলের দিকে ল্যাজ গুটিয়ে পালিয়েছেন সেনাপ্রধানকে লক্ষ্য করে হুঙ্কার ছাড়া ইউনূসের ডাক ও টেলিযোগাযোগ উপদেষ্টা। ফেসবুক পোস্ট মুছে দিয়েছেন। কেন ফেসবুক পোস্ট মুছে দিলেন তা নিয়ে বার বার প্রতিক্রিয়া জানার চেষ্টা করলেও মুখ খুলতে চাননি ফৈয়াজ।দুপুরেই সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ জামানকে খুল্লামখুল্লা চ্যালেঞ্জ ছুড়ে বলেছেন 'তদারকি সরকারের কাজে নাক গলাতে আসবেন না। শেখ হাসিনার মতো পরিণতি করে দেব।' ব্রিটিশ নাগরিক ফৈয়াজের ওই হুমকি নিয়ে রীতিমতো শোরগোল পড়ে গিয়েছে। যদিও সেনাবাহিনীর তরফে দেশ বিক্রির ষড়যন্ত্রে সামিল ফৈয়াজের হুমকি নিয়ে আনুষ্ঠানিকভাবে কোনও প্রতিক্রিয়া জানানো হয়নি। তবে সেনার এক মুখপাত্র রসিকতা করে বলেছেন, 'কথায় বলে না, হাতি চলে বাজার কুত্তা ভোকে হাজার। ফৈয়াজেরও তেমন দশা'।

আমেরিকার হাতে সেন্ট মার্টিন বিক্রি করা এবং আরাকান আর্মিকে আগ্নেয়াস্ত্র সরবরাহের জন্য মানবিক করিডর নিয়ে গত ১৫ দিন ধরেই তদারকি সরকারের প্রধান উপদেষ্টা মোল্লা ইউনূসের বিদেশি গ্যাংয়ের সঙ্গে বাংলাদেশের সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ জামানের বিরোধ তুঙ্গে উঠেছে। বুধবারেই সেনা আধিকারিকদের এক সভায় মানবিক করিডর এবং সেন্ট মার্টিন বিক্রি নিয়ে তদারকি সরকারের বিরুদ্ধে সুর চড়িয়েছেন সেনাপ্রধান ওয়াকার-উজ-জামান। সেই সঙ্গে ডিসেম্বরের মধ্যেই দেশে নির্বাচন করতে হবে বলে জানিয়ে দিয়েছিলেন। সেনাপ্রধানের সঙ্গে তদারকি সরকারের বিরোধের মধ্যেই বৃহস্পতিবার পরিকল্পিতভাবে প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূস পদত্যাগ করার চিন্তা করছেন বলে গুজব রটায় পাক গুপ্তচর সংস্থা আইএসআই। বাংলাদেশের সংবাদমাধ্যমের সম্পাদক ও কর্ণধারদের ওই গুজব বড় করে প্রচারের নির্দেশ দেওয়া হয়।

## আরও এক পাক গুপ্তচরকে গ্রেফতার করলো পুলিশ



বেবি চক্রবর্তী: দিল্লী

প্রথমে হরিয়ানার জ্যোতি ও তার পরেই বারাণসী থেকে গ্রেপ্তার করা হল আরও এক ব্যক্তিকে। উত্তরপ্রদেশ অ্যান্টি-টেররিজম স্কোয়াড পাকিস্তানের হয়ে চরবৃত্তির অভিযোগ এনেছে তুফেইল নাম্নী ওই ব্যক্তির বিরুদ্ধে। সংবাদ সংস্থা এএনআই সূত্রে জানা যাচ্ছে, অভিযুক্ত বারাণসীর বাসিন্দা। তার বাবার নাম মকসুদ আলম। ভারতের অভ্যন্তরীণ নিরাপত্তা সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য তুফেইল পাকিস্তানের হাতে তুলে দিয়েছে বলে অভিযোগ। এটিএস ফিল্ড ইউনিট বারাণসী নিশ্চিত করেছে, তুফেইলের সঙ্গে পাকিস্তানের বহু মানুষের যোগাযোগ রয়েছে তার প্রমাণ মিলেছে।

পাকিস্তানের নিষিদ্ধ জঙ্গি গোষ্ঠী তহরিক-ই-লাব্বাইকের নেতা মৌলানা শাহ রিজভির ভিডিও হোয়াটসঅ্যাপ গ্রুপে শেয়ার করারও অভিযোগ রয়েছে তুফেইলের বিরুদ্ধে। এমনকী বাবরি মসজিদের 'বদলা' নিতে 'গাজওয়া-ই-হিন্দ'-এর ডাকও নাকি দিতে দেখা গিয়েছে তাকে। তদন্তে নেমে তদন্তকারীরা জানতে পেরেছেন তুফেইল রাজঘাট, নমো ঘাট, জ্ঞানবাপী, লালকেল্লার মতো গুরুত্বপূর্ণ জায়গার ছবি তুলে তা পাকিস্তানের হাতে তুলে দিয়েছিল। অভিযুক্তের ফোনে ৬০০টি পাকিস্তানি নম্বর মিলেছে। পাক সেনার কর্মরত এক ব্যক্তির স্ত্রীর সঙ্গেও সোশাল মিডিয়ায় নিয়মিত যোগাযোগ ছিল তুফেইলের। পুরো বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে। বাজেয়াপ্ত করা হয়েছে ওই মোবাইল ও সিমকার্ড।

# সিনেমার খবর

## বক্স অফিসে কত আয় করল অজয়ের ‘রেইড টু’?

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



বলিউড অভিনেতা অজয় দেবগন অভিনীত ‘রেইড টু’ বক্স অফিসে দুর্দান্ত সাফল্য অর্জন করেছে। মুক্তির পর ১৩ দিনের মধ্যে, ছবিটি বক্স অফিসে ভারতে ১২৯ কোটি ৮৫ লাখ টাকা আয় করেছে এবং বিশ্বব্যাপী মোট আয় দাঁড়িয়েছে ১৭৪ কোটি ৬৮ লাখ টাকা, যা ২০২৫ সালের বলিউডের তৃতীয় সর্বোচ্চ আয়কারী ছবি।

‘রেইড টু’ ২০১৮ সালের ‘রেইড’ চলচ্চিত্রের সিক্যুয়েল, যেখানে অজয় দেবগন আবারও আয়কর কর্মকর্তা অময় পটনায়েকের ভূমিকায় অভিনয় করেছেন। এই কিস্তিতে, তিনি সমাজে সম্মানিত কিন্তু গোপনে দুর্নীতিগ্রস্ত রাজনীতিবিদ দাদাভাইয়ের (রিতেশ দেশমুখ) বিরুদ্ধে ৭৫তম অভিযান পরিচালনা করেন । ছবিটি পরিচালনা করেছেন রাজ কুমার গুপ্ত এবং প্রযোজনা করেছে প্যানোরামা স্টুডিওস ও টি-সিরিজ।

বিশ্লেষকেরা মনে করেন, ‘রেইড টু’ এর আয় আরও বাড়তে পারে, এবং এটি সালমান খানের ‘সিকান্দার’ এর আয়কেও ছাড়িয়ে যেতে পারে। তবে ‘ছাভা’ এর ৮২৭.০৬ কোটি আয়কে ছাড়িয়ে যাওয়া কঠিন হবে।

এই ছবির সাফল্যের মাধ্যমে ‘রেইড টু’ অজয় দেবগনের অষ্টম সর্বোচ্চ আয়কারী চলচ্চিত্র হিসেবে স্থান পেয়েছে, যা তার আগের হিট ‘গোলমাল ৩’ এবং ‘সন অফ সর্দার’ এর আয়কেও ছাড়িয়ে গেছে।

## নতুন ছবিতে একসাথে আমির-হিরানি

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন




মিস্টার পারফেকশনিস্ট’খ্যাত আমির খানের আগামী ছবি ‘সিতারে জমিন পর’-এর ট্রেলার মুক্তির এখনও ২৪ ঘণ্টা পেরোয়নি, এর মধ্যেই ছবিটি বয়কটের ডাক দিচ্ছেন ভারতীয় নেটিজেনদের কেউ কেউ। তুচ্ছ কারণে ‘তুরস্কের সঙ্গে ঘনিষ্ঠতার’ দাবি তুলে এ বয়কটের ডাক দেওয়া হচ্ছে বলে জানা গেছে।

ভারতীয় গণমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছে, ২০২০ সালে ‘লাল সিং চাড্ডা’ সিনেমার শুটিংয়ের জন্য তুরস্কে পাড়ি দিয়েছিলেন আমির। সেই সময়ে তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ানের স্ত্রী এমাইন এরদোয়ানের সঙ্গে দেখা করেন। তখন দুজনের খোশগল্পে মেতে ওঠার বেশ কিছু ছবিও প্রকাশ্যে আসে। ভারতের ‘শত্রু’ দেশ তুরস্কের ফার্স্ট লেডির সঙ্গে কেন হাত মিলিয়েছিলেন, সেই নিয়ে আক্রমণের মুখে পড়েন আমির।

এবার অপারেশন সিঁদুরের আবহেও ফিরে এল সেই বিতর্ক। পাকিস্তানের পাশে থাকা তুরস্কের সঙ্গে আমিরের ঘনিষ্ঠতা টেনেই আমিরের নতুন ছবি বয়কটের ডাক দিয়েছে নেটিজেনরা। এ নিয়ে সোশ্যাল মিডিয়ায় আমির খানের পক্ষে-বিপক্ষে মিশ্র প্রতিক্রিয়া দেখা যাচ্ছে নেটিজেনদের।

উল্লেখ্য, ২০০৭ সালে মুক্তি পেয়েছিল আমির খানের ছবি ‘তারে জমিন পার’। বক্স অফিসে হইচই ফেলে দিয়েছিল এই ছবি। তখন থেকেই আমির প্ল্যান করেছিলেন ‘তারে জমিন পার’ ছবির সিক্যুয়েল তৈরি করবেন। অবশেষে মুক্তি পেতে চলেছে ‘তারে জমিন পার’- এর সিক্যুয়েল ‘সিতারে জমিন পর’। আগামী ২০ জুন সিনেমাটি মুক্তির কথা রয়েছে।

## কান চলচ্চিত্র উৎসবে সত্যজিতের ‘অরণ্যের দিনরাত্রি’



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

দেড় বছর আগে কিংবদন্তি নির্মাতা সত্যজিৎ রায়ের ছেলে সন্দীপ রায় জানিয়েছিলেন ‘অরণ্যের দিনরাত্রি’ সিনেমাটির সংস্কার করা হচ্ছে। অবশেষে সেই কাজ শেষ হয়েছে। সত্যজিতের এই সিনেমা দর্শকদের জন্য নতুন করে পর্দায় আসছে। ‘অরণ্যের দিনরাত্রির’ ফোর-কে সংস্করণের প্রিমিয়ার হচ্ছে ফ্রান্সের সাগরপাড়ে ৭৮তম কান চলচ্চিত্র উৎসবে।

নতুন সংস্করণটি তৈরি করেছে দ্য ফিল্ম ফাউন্ডেশনের ওয়ার্ল্ড সিনেমা প্রজেক্ট। প্রদর্শনী উপলক্ষে কানে আমন্ত্রণ পেয়েছেন সিনেমার অভিনেত্রী শর্মিলা ঠাকুর, সিমি গাড়েওয়াল, প্রযোজক পূর্ণিমা দত্তসহ সিনেমা সংশ্লিষ্ট আরও অনেকে।

সাহিত্যিক সুনীল গঙ্গোপাধ্যায়ের ‘অরণ্যের দিনরাত্রি’ উপন্যাস অবলম্বনে সত্যজিৎ রায় একই নামের সিনেমা তৈরি করেন ১৯৭০ সালে। ওই সিনেমায় অভিনয় করেছিলেন সৌমিত্র চট্টোপাধ্যায়, শুভেন্দু চট্টোপাধ্যায়, শমিত ভঞ্জ, রবি ঘোষ, শর্মিলা ঠাকুর, কাবেরী বসু, মিমি গঙ্গোপাধ্যায়সহ আরও কয়েকজন।

তবে সিনেমার অধিকাংশ অভিনয় শিল্পী প্রয়াত হয়েছেন। গুরুত্বপূর্ণদের মধ্যে বর্তমার আছেন কেবল শর্মিলা ঠাকুর, সিমি গারেওয়াল। সুনীল গঙ্গোপাধ্যায়ের উপন্যাস ‘অরণের দিনরাত্রি’ ১৯৬৮ সালে প্রকাশ হয় । সেই উপন্যাস অবলম্বনে সত্যজিৎ রায় দুই বছর পরে নির্মাণ করেন ‘অরণ্যের দিনরাত্রি’ সিনেমা।

# টেস্টে ভারতের অধিনায়কত্ব পাওয়ার সবচেয়ে যোগ্য বুমরাহ : অশ্বিন

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**




মাত্র কয়েকদিনের ব্যবধানে টেস্ট ক্রিকেট থেকে অবসর নিয়েছেন ভারতের রোহিত শর্মা ও বিরাট কোহলি। ভারতের ক্রিকেটের এই দুই তারকার বিদায়ে টেস্ট দলে নেতৃত্বের শূন্যতা তৈরি হয়েছে বলে মনে করছেন কিংবদন্তি স্পিনার রবিচন্দ্রন অশ্বিন। লাল বলে ভারতের নতুন টেস্ট অধিনায়ক কে হবেন তা নিয়ে গুঞ্জন শুরু হয়েছে। ভারতীয় গণমাধ্যমগুলোর দাবি, লাল বলের ক্রিকেটে অধিনায়ক হিসেবে ভারতের ক্রিকেটের নিয়ন্ত্রক সংস্থা বিসিসিআইয়ের পছন্দের তালিকায় রয়েছেন শুভমান গিল।

কিন্তু দেশটির সাবেক স্পিনার রবিচন্দ্রন অশ্বিনের পছন্দ আলাদা। তার মতে, ভারতের টেস্ট দলের অধিনায়ত্ব পাওয়ার সবচেয়ে যোগ্য প্রার্থী জাসপ্রিত বুমরাহই। নিজের ইউটিউব চ্যানেল 'অ্যাশ কি বাত'-এ অশ্বিন বলেন, আমার কোনো ধারণাই ছিল না তারা (রোহিত ও কোহলি) একসঙ্গে অবসর নেবে। এটা ভারতের ক্রিকেটের একটা পরীক্ষার মুহূর্ত এবং আমি বলব এটাই গৌতম গম্ভীর যুগের সত্যিকারের সূচনা।

বুমরাহকে অধিনায়কত্ব দেওয়ার ব্যাপারে অশ্বিন বলেন, ইংল্যান্ড ট্যুরে একদমই নতুন একটা দল যাবে। একটা বদলে যাওয়া দল যেখানে সম্ভবত বুমরাই সবচেয়ে সিনিয়র খেলোয়াড়। সে নিশ্চিতভাবেই অধিনায়কত্বের জন্য একটা পছন্দ হতে পারেন। আমি মনে করি, সে অধিনায়ক হওয়ার দাবিদার, কিন্তু নির্বাচকরা শারীরিকভাবে অধিনায়কত্ব করার বিবেচনায় হয়ত কাউকে বেছে নেবে।

অধিনায়কত্বের দৌড়ে একটা সময় পর্যন্ত বুমরাহই এগিয়ে ছিলেন। অস্ট্রেলিয়ায় ভারতের সবশেষ সফরে রোহিতের ডেপুটি হিসেবে ছিলেন তিনিই। সিরিজের প্রথম ও শেষ টেস্টে রোহিতের অবর্তমানে ভারতকে নেতৃত্ব দিয়েছিলেন বুমরাহ। কিন্তু বুমরাহ ইনজুরি প্রবণ হওয়ায় টেস্ট অধিনায়ক হিসেবে বোর্ডের পছন্দ এখন শুভমান গিল। অস্ট্রেলিয়ায় সিরিজের শেষ টেস্টে সিডনিতে ইনজুরিতে পড়ে টানা চারমাস মাঠের বাইরে ছিলেন বুমরাহ। এমনকি চ্যাম্পিয়ন্স ট্রফিতেও তাকে পায়নি ভারত।

সামনের দিনে তাই ওয়ার্কলোড ম্যানেজ করেই এই ফাস্ট বোলারকে খেলাতে চায় ভারত। সেক্ষেত্রে ভারতকে একটা নির্দিষ্ট সংখ্যক টেস্টে তাকে ছাড়াই খেলতে হবে। যে কারণেই নিয়মিত একাদশের খেলোয়াড় হিসেবে গিলকেই বেশি পছন্দ টিম ম্যানেজমেন্টের।

# রান বন্যার ম্যাচে মার্শের ঝড়ো সেঞ্চুরি, গুজরাটকে হারালো লক্ষ্ণৌ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

প্লে-অফে যাওয়ার আগেই নিজেদের জায়গা নিশ্চিত করেছে গুজরাট টাইটানস, অন্যদিকে লিগ পর্ব থেকেই বিদায় নিশ্চিত লক্ষ্ণৌ সুপার জায়ান্টসের। ফলাফল খুব একটা গুরুত্বপূর্ণ না হলেও দুই দলের লড়াই জমে উঠেছিল রানের বৃষ্টিতে। শেষ পর্যন্ত ম্যাচটি নিজেদের করে নেয় লক্ষ্ণৌ, ৩৩ রানে হারিয়ে গুজরাটকে।

আহমেদাবাদের নরেন্দ্র মোদি স্টেডিয়ামে টসে জিতে ব্যাটিংয়ে নেমে ঝড় তোলে লক্ষ্ণৌর ব্যাটসম্যানরা। ইনিংসের মূল ভিত্তি গড়ে দেন মিচেল মার্শ ও নিকোলাস পুরান। দ্বিতীয় উইকেটে তারা গড়েন ১২১ রানের দুর্দান্ত জুটি। মার্শ মাত্র ৬৪ বলে ১০ চার ও ৮ ছক্কায় খেলেন বিধ্বংসী ১১৭ রানের ইনিংস। তার বিদায়ের পরও থামেননি পুরান, ২৭ বলে অপরাজিত ৫৬ রানের ঝড়ো ইনিংস খেলেন। নির্ধারিত ২০ ওভারে লক্ষ্ণৌ তোলে ২৩৫ রান।

২৩৬ রানের বিশাল লক্ষ্য তাড়া করতে নেমে দারুণ সূচনা পায় গুজরাট। ওপেনার শুবমান গিল ও সাই সুদর্শন ৪ ওভারেই স্কোরবোর্ডে যোগ করেন ৪২ রান। কিন্তু পঞ্চম ওভারে ও'রুর্কের বলে সুদর্শনের আউটের পর ছন্দ হারাতে শুরু করে গুজরাট। অষ্টম ওভারের শেষ বলে অধিনায়ক গিল ফিরে যান ৮৫ রানে দলকে রেখে। জস বাটলার চেষ্টা করলেও ১৮ বলে ৩৩ রান করে আকাশ সিংয়ের বলে বোল্ড হয়ে ফেরেন।

এরপর কিছুটা আশার আলো জ্বালান শাহরুখ খান। পাঁচে নেমে ২৯ বলে ৫৭ রানের দারুণ ইনিংস খেললেও তার বিদায়ের পর আর কেউ দাঁড়াতে পারেনি। শেষ ৪ ওভারে গুজরাট হারায় ৬ উইকেট, তোলে মাত্র ২০ রান। নির্ধারিত ওভারে থেমে যায় ২০২ রানে।

এই জয়ে গুজরাটের বিপক্ষে চলতি মৌসুমে টানা দুই জয় পেল লক্ষ্ণৌ সুপার জায়ান্টস। তবে আগেই বিদায় নিশ্চিত হওয়ায় সেই আনন্দও আক্ষেপে রঙ ছড়ায়। অন্যদিকে, এই হারে শীর্ষ দুইয়ে থাকা অনিশ্চিত হয়ে গেল গুজরাটের জন্য। ১৩ ম্যাচে ১৮ পয়েন্ট নিয়ে অবশ্য এখনও তারা তালিকার শীর্ষে আছে, তবে টানা দুই ম্যাচ হারের স্বাদ পায়নি পুরো মৌসুমে। বিপরীতে, শেষ চার ম্যাচে হেরে নবম থেকে বিদায় নিতে হলো লক্ষ্ণৌকে।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR